**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২**

বিআরপিডি-২ সার্কুলার লেটার নং-০৮

৩০ আষাঢ় ১৪৩৩
তারিখ: ---------------------
১৪ জুলাই ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**শাইনপুকুর সিরামিকস্ লিমিটেড এর ঋণ সুবিধা অব্যাহত রাখার নিমিত্তে ১০০% মার্জিনে এলসি স্থাপনের ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৭কক(৩) ধারা থেকে অব্যাহতি প্রদানের প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৪ জুলাই ২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-বিআরপিডি-২(টাস্কফোর্স সেকশন)/৬১৩/১৪/২০২৬-২৯০২ এর অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)
পরিচালক (বিআরপিডি-২)
ফোন: ৯৫৩০০৯৫

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২

প্রজ্ঞাপন

নং-বিআরপিডি-২(টাস্কফোর্স সেকশন)/৬১৩/১৪/২০২৬-২৯০২

৩০ আষাঢ় ১৪৩৩
তারিখঃ--------------------
১৪ জুলাই ২০২৬

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতা বলে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শাইনপুকুর সিরামিকস্ লিমিটেড এর উৎপাদন কার্যক্রম ও এতে কর্মরত জনবলের কর্মসংস্থান অব্যাহত রাখার প্রয়োজনীয়তা বিবেচনায় সোনালী ব্যাংক পিএলসি. এর মাধ্যমে শুধুমাত্র কাঁচামাল আমদানির নিমিত্ত ১০০% মার্জিনে ঋণপত্র (Letter of Credit) স্থাপনের অনুমোদনসহ ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৭কক (৩) ধারার বিধান ৩১ ডিসেম্বর ২০২৭ পর্যন্ত কার্যকর হবে না। তবে শর্ত থাকে যে, শাইনপুকুর সিরামিকস্ লিমিটেড-এর সকল আয় একটি নির্দিষ্ট হিসাবে জমা রাখতে হবে এবং সেখান থেকে আনুপাতিক হারে সোনালী ব্যাংকের পাওনা নিয়মিত পরিশোধ করতে হবে। অধিকন্তু, এই ঋণ-সুবিধার বিপরীতে অর্থ বিভাগের বা বাংলাদেশ ব্যাংকের কোন দায় সৃষ্টি হবে না এবং ভবিষ্যতে সোনালী ব্যাংক পিএলসি. সরকার বা বাংলাদেশ ব্যাংকের কাছ থেকে কোনরূপ আর্থিক সহায়তা দাবি করতে পারবে না।

(ড. মোঃ কবির আহাম্মদ)
ডেপুটি গভর্নর
বাংলাদেশ ব্যাংক